

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৭৭  
ধর্মনগর, ১১ জুলাই, ২০২৪

ত্রিপুরা পঞ্চায়েত নির্বাচন-২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় ভোটার রয়েছেন ১,৭০,৬৩৪ জন

আসন্ন ত্রিপুরা পঞ্চায়েতের সাধারণ নির্বাচনে উত্তর ত্রিপুরা জেলায় মোট ভোটার রয়েছেন ১ লক্ষ ৭০ হাজার ৬৩৪ জন। মোট ভোটকেন্দ্র রয়েছে ৩৪৭টি। উত্তর ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে জেলাশাসক আরও জানান, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের মোট আসন রয়েছে ১৭টি, পঞ্চায়েত সমিতির মোট আসন ৫২টি এবং গ্রামপঞ্চায়েতের মোট আসন রয়েছে ৮১৪টি। তিনি জানান, জেলার কদমতলা ব্লকে ৫১,২১৪ জন, কালছড়া ব্লকে ৪৩,৮২৯ জন, যুবরাজনগর ব্লকে ৪৬,৫৯১ জন এবং পানিসাগর ব্লকে ২৯,০০০ জন ভোটার রয়েছেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জেলা পঞ্চায়েত আধিকারিক সুমন রক্ষিত, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*